# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

## হাদিস নাম্বারঃ ১১২২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১১৫]

৮/ বিভিন্ন নেক আমলের ফযীলত প্রসঙ্গে (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ১৯৯: যোহরের সুন্নত

(199) بَابُ سُنَّةِ الظُّهْرِ

আরবী

وَعَنْهَا، قَالَتْ: كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يُصَلِّي فِي بَيْتِي قَبْلَ الظُّهْرِ أَرْبَعاً، ثُمَّ يَخْرُجُ، فَيُصَلِّي بِالنَّاسِ، ثُمَّ يَدْخُلُ فَيُصَلِّي رَكْعَتَيْنِ . وَكَانَ يُصَلِّي بِالنَّاسِ المَغْرِبَ، ثُمَّ يَدْخُلُ فَيُصَلِّي رَكْعَتَيْنِ، وَيُصَلِّي بِالنَّاسِ العِشَاءِ، وَيَدْخُلُ بَيتِي فَيُصَلِّي رَكْعَتَيْنِ . رَوَاهُ مُسلِم

বাংলা

৩/১১২২। উক্ত আয়েশা রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, ’নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার ঘরে যোহরের পূর্বে চার রাকআত সুন্নত পড়তেন, তারপর (মসজিদে) বের হয়ে গিয়ে লোকাদেরকে নিয়ে নামায পড়তেন। অতঃপর ঘরে প্রবেশ করতেন এবং দু’ রাকআত সুন্নত পড়তেন। তিনি লোকাদেরকে নিয়ে মাগরিবের নামায পড়ার পর আমার ঘরে প্রবেশ করতেন এবং দু’ রাক’আত সুন্নত পড়তেন। (অনুরূপভাবে) তিনি লোকাদেরকে নিয়ে এশার নামায পড়তেন, অতঃপর আমার ঘরে ফিরে এসে দু’ রাক’আত সুন্নত পড়তেন।’ (মুসলিম)[1]

## English

(199) Chapter: Sunnah of Zuhr Prayer

'Aishah (May Allah be pleased with her) reported:
Whenever the Prophet (ﷺ) stayed in my house, he would perform four Rak'ah (supererogatory prayer) before Zuhr prayer. Then he would go out and lead Salat. He (ﷺ) would then come back and perform two Rak'ah (supererogatory prayer). He would lead the Maghrib prayer and come back and perform two Rak'ah (supererogatory prayer). When he (ﷺ) had led the 'Isha' prayer, he would enter the house and perform two Rak'ah (supererogatory prayer).

[Muslim]

## ফুটনোট

[1] মুসলিম ৭৩০, নাসায়ী ১৬৪৬, ১৬৪৭, আবূ দাউদ ৯৫৪, আহমাদ ২৫৭৫৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=25312

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন